

২০২৫ বাংলা

(মাইনর)

(এন ই পি পদ্ধতি অনুযায়ী নতুন পাঠ্যক্রম)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড : BNG-G-503

(বাংলা ছন্দ ও বাংলা অলঙ্কার)

[NEP-2020]

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘন্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর লেখো :

২×৫=১০

- ক) দল কত প্রকার ও কী কী?
- খ) পর্ব কাকে বলে? উদাহরণ দাও।
- গ) অক্ষরবৃত্ত ছন্দের মাত্রাগণনার রীতি লেখো।
- ঘ) 'স্বরবৃত্ত ছন্দ' নামটি কোন ছান্দসিক দিয়েছেন? এই ছন্দের অপর নাম লেখো।
- ঙ) 'জীবে দয়া তব পরম ধর্ম জীবে দয়া তব কই'—কোন অলঙ্কার? এই অলঙ্কারের শ্রেণিবিন্যাস করো।
- চ) 'ব্যজস্তুতি' অলঙ্কারের সংজ্ঞা লেখো।
- ছ) 'অনুপ্রাস' অলঙ্কারের শ্রেণিবিন্যাস করো।

[পরের পাতায়]

জ) 'এমন মানব জমিন রইল পতিত
আবাদ করলে ফলত সোনা'—কোন অলঙ্কার? এই অলঙ্কারের
একটি বৈশিষ্ট্য লেখো।

২। প্রতিটি পর্ব থেকে ১টি করে মোট দুটি প্রশ্নের উত্তর দাওঃ
 $৫ \times ২ = ১০$

পর্ব-ক

ছন্দোলিপি নির্ণয় করো এবং ব্যাখ্যা করো :

অ) “তারাগুলি সারারাত্ কানে কানে কয়
সেই কথা ফুলে ফুলে ফুটে বনোময়।”

আ) “কেমন করে বীর ডুবুরি সিঁছু সৈঁচে মুক্তা আনে
কেমন করে দুঃসাহসী চলছে উড়ে স্বর্গ পানে।”

পর্ব-খ

অলঙ্কার নির্ণয় করো এবং ব্যাখ্যা করো :

অ) “এ তো মেয়ে, মেয়ে নয় দেবতা নিশ্চয়ই।”

আ) “ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়
পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রুটি।”

৩। প্রতিটি পর্ব থেকে ১টি করে মোট দুটি প্রশ্নের উত্তর দাও :
 $১০ \times ২ = ২০$

পর্ব-ক

অ) মাত্রাবৃত্ত ছন্দের সংজ্ঞা লেখো। এই ছন্দের বৈশিষ্ট্যগুলি
উদাহরণসহ আলোচনা করো।

আ) বাংলা ‘অমিত্রাক্ষর ছন্দ’র প্রবর্তক কে? এ ছন্দের বৈশিষ্ট্য
উদাহরণসহ আলোচনা করো।

পর্ব-খ

অ) যমক অলঙ্কারের সংজ্ঞা লেখো। এই অলঙ্কারের শ্রেণিবিন্যাস
করে প্রতিটি বিভাগের উদাহরণসহ আলোচনা করো।

আ) ‘সন্দেহ’ ও ‘নিশ্চয়’ এই দুটি অলঙ্কারের উদাহরণসহ পরিচয়
দাও।